

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

জাহাজ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ চেত্র ১৪২৪ বঙ্গাব্দ/১৮ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নং ১৮.০১৯.০১৮.০০.০০.০০৭.২০১০-১৯২—নৌপরিবহন অধিদপ্তর হতে Seaman's Identity Card & Record Book প্রাপ্ত, নির্বাচিত/তালিকাভুক্ত দক্ষ সুপারনিউমারারী ওয়েল্ডার/ফিটার ও Hyundai Engineering & Construction Co. Ltd. এর জাহাজের নাবিকদের অনুকূলে সিডিসি প্রদানের নীতিমালা—

১। সংক্ষিপ্ত শিরোনাম : এই নীতিমালা নৌপরিবহন অধিদপ্তর হতে Seaman's Identity Card & Record Book প্রাপ্ত, নির্বাচিত/তালিকাভুক্ত দক্ষ সুপারনিউমারারী ওয়েল্ডার/ফিটার ও Hyundai Engineering & Construction Co. Ltd. এর জাহাজের নাবিকদের অনুকূলে সিডিসি প্রদানের নীতিমালা নামে অভিহিত হবে।

২। প্রযোজ্যতা : নৌপরিবহন অধিদপ্তর হতে Seaman's Identity Card & Record Book প্রাপ্ত ২৭৬৮ জন, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামে নির্বাচিত/তালিকাভুক্ত ৭২ জন দক্ষ সুপারনিউমারারী ওয়েল্ডার/ফিটার এবং Hyundai Engineering & Construction Co. Ltd. এর জাহাজের ৫৯ জন দীর্ঘাবধি সিডিসি প্রাপ্ত নাবিকের জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে।

৩। সিডিসি প্রাপ্তির জন্য আবেদন : অনুচ্ছেদ ৪-এ বর্ণিত প্রার্থীগণ নির্ধারিত ফর্মে মহাপরিচালক বরাবরে আবেদন করবেন।

( ৩৬৫৫ )

মূল্য : টাকা ৪.০০\*



## ৪। সিডিসি প্রাপ্তির জন্য যোগ্যতা :

ক। বয়স-আবেদনকৃত দিবসে বয়স ৫৯ বৎসর অথবা এর নীচে হতে হবে।

খ। যোগ্যতা—

- (১) নৌপরিবহন অধিদপ্তর হতে Seaman's Identity Card & Record Book প্রাপ্ত ২৭৬৮ জন দক্ষ নাবিক;
- (২) সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামে নির্বাচিত/তালিকাভুক্ত ৭২ জন দক্ষ সুপারনিউমারারী ওয়েভার/ফিটার; এবং
- (৩) ইতোপূর্বে সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম হতে সীমাবদ্ধ সিডিসি প্রাপ্ত Hyundai Engineering & Construction Co. Ltd. এর ৫৯ জন নী-ম্যান।

গ। স্বাস্থ্যগত যোগ্যতা-পোর্ট হেলথ অফিসারের কার্যালয় বা অনুমোদিত মেডিক্যাল অফিসার কর্তৃক সম্পাদিত মেডিক্যাল পরীক্ষায় শারীরিকভাবে যোগ্য হতে হবে।

ঘ। STCW সনদ-এসটিসিডরিউ-২০১০ মোতাবেক প্রয়োজনীয় বেসিক সেইফটি সনদ থাকতে হবে।

৫। সিডিসি প্রাপ্তির জন্য প্রশিক্ষণ : উপরোল্লিখিত যোগ্যতা সম্ভবজনক পাওয়া সাপেক্ষে নাবিককে রেটিং প্রশিক্ষণ প্রদানের জন্য সরকার/নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক রেটিং ট্রেনিং এর জন্য অনুমোদিত যে কোন মেরিটাইম ইনস্টিটিউটে ০৩ মাসের প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে। প্রশিক্ষণ ফি বর্তমানে প্রচলিত পী সি রেটিং কোর্সের অর্ধেক হবে। প্রশিক্ষণ ফি প্রশিক্ষণার্থীগণ বহন করবেন।

৬। নাবিকদের ট্রেড নির্ধারণ : নৌপরিবহন অধিদপ্তর একটি ৫ সদস্য কমিটির মাধ্যমে আবেদনকৃত নাবিকদের অভিজ্ঞতার বিবেচনায় প্রশিক্ষণের জন্য ট্রেড নির্ধারণ করবে।

৭। সিডিসি ইস্যু : সিডিসি জারির জন্য প্রশিক্ষণ সমাপ্তকৃত নাবিকগণের তালিকা সংশ্লিষ্ট প্রশিক্ষণ ইন্সটিটিউট সরকারি সমুদ্র পরিবহন অফিসে প্রেরণ করবে। উপরোক্ত সিডিসিসমূহ শুধুমাত্র বিদেশি পতাকাবাহী জাহাজের জন্য প্রযোজ্য হবে এবং সিডিসি-তে "VALID FOR FOREIGN FLAG SHIPS ONLY" শব্দসমূহ নিপিষক করতে হবে।

৮। অবশ্যত Seaman's Identity Card & Record Book প্রদানের জন্য নূতন কোন পরীক্ষা গ্রহণ করা হবে না বা কোন সুপারনিউমারারী ওয়েভার/ফিটার নিয়োগ বা ছাড়পত্র প্রদান করা হবে না বা সরকারের নীতিমালা বহির্ভূত বিশেষ ব্যবস্থায় কোন সিডিসি প্রদান করা হবে না এবং অনুলেখ ৪ এ বর্ণিত প্রয়োজ্য ব্যক্তি ব্যতীত অন্য কেহ সিডিসি পাওয়ার যোগ্য বিবেচিত হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গিয়াস উদ্দিন

উপসচিব।

মোঃ মাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ কর্মম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd